

# হাইকোর্ট ঘেরাও করেছেন শিক্ষার্থীরা

অনলাইন ডেক্স

১৬ অক্টোবর ২০২৪, ১২:৪১ পিএম



হাইকোর্ট ঘেরাও করেছেন শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

‘দলবাজ ও দুর্নীতিবাজ’ বিচারপতিদের পদত্যাগের দাবিতে হাইকোর্ট ঘেরাও করেছেন শিক্ষার্থীরা।

UNIBOTS

আজ বুধবার বেলা সাড়ে ১১টার দিকে হাইকোর্ট মাজার গেট এলাকায় পৌছান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।

এর আগে সকাল সাড়ে ১০টা থেকেই রাজু ভাস্ফর্যে জড়ো হতে থাকেন শিক্ষার্থীরা। বিভিন্ন হল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এবং আশপাশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা রাজু ভাস্ফর্যের পাদদেশে এসে অবস্থান নেন।

এ সময় শিক্ষার্থীরা ‘ঘেরাও ঘেরাও ঘেরাও হবে—হাইকোর্ট ঘেরাও হবে’, ‘দিয়েছি তো রক্ত—আরও দেব রক্ত’, ‘রক্তের বন্যায়—ভেসে যাবে অন্যায়’, ‘ফ্যাসিবাদের আস্তানা—ভেঙ্গে দাও গুড়িয়ে দাও’, ‘ফাঁসি ফাঁসি ফাঁসি চাই—খুনি হাসিনার ফাঁসি চাই’- ইত্যাদি স্লোগান দেন।

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে আওয়ামী লীগের আমলে নিয়োগ পাওয়া দলবাজ বিচারপতি হিসেবে চিহ্নিতদের পদত্যাগ দাবি করে আসছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা।

এছাড়া সাধারণ আইনজীবীরাও দলবাজ বিচারপতিদের পদত্যাগ দাবি করে আসছেন। এসব বিচারপতিদের পদত্যাগের দাবিতে বিক্ষেপ মিছিল করছে বৈষম্যবিরোধী আইনজীবী সমাজ। সকালে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সামনে অবস্থান নিয়ে এই আইনজীবীরা বিক্ষেপ শুরু করেন।

এর আগে গতকাল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা হাইকোর্ট ঘেরাওয়ের এই কর্মসূচি ঘোষণা করেন।